মস্তিষ্কের ক্ষতি করে যেসব বদঅভ্যাস

দৈনন্দিন জীবনে ভালো গুণের পাশাপাশি কিছু বদঅভ্যাস আমাদের সবার মধ্যেই থাকতে পারে। কিন্তু এমন কিছু অভ্যাস আছে যা আপনার যা মস্তিষ্কের ক্ষতি করতে পারে। সতেজ ও সুস্থ মস্তিষ্কের জন্য এই বিষয়গুলোর দিকে খেয়াল রাখতে হবে।

অপুষ্টিকর খাদ্য গ্রহণ
যে সমস্ত মানুষের খাদ্য তালিকায় বার্গার, ফ্রাই, চিপস বা কোমল পানীয়ের মত খাবার থাকে তাদের স্মৃতি ও মানসিক স্বাস্থ্যের জন্য মস্তিষ্কের কার্যকর অংশগুলো অপেক্ষাকৃত ছোট হয়ে যায়। অন্যদিকে সবুজ শাকসবজি, বেরি ও বাদামজাতীয় খাবার মস্তিষ্কের ক্ষয় রোধ করে। এছাড়াও, অতিরিক্ত পরিমাণে চিনি, লবণ, চর্বি এবং প্রক্রিয়াজাত খাবার গ্রহণ করলে আলঝেইমার এবং পারকিনসনের মতো রোগের ঝুঁকি বেড়ে যায়। মস্তিষ্কের স্বাস্থ্য ভালো রাখতে রেডমিট, দুগ্ধজাত খাবারের পাশাপাশি খাদ্যতালিকায় ফল, শাকসবজি, গোটা শস্য, বাদাম, বীজ এবং মাছ রাখতে পারেন।

জোরে গান শোনা
যদিও সঙ্গীত আমাদের মন ভালো রাখে, তারপরও অতিরিক্ত জোরে গান শোনা মস্তিষ্কের স্বাস্থ্যের জন্য ক্ষতিকর। দীর্ঘমেয়াদে জোরে জোরে গান শোনা মস্তিষ্কের গঠন এবং কার্যকারিতাকে প্রভাবিত করতে পারে। কখনও কখনও জোরে জোরে শব্দ শ্রবণশক্তি হ্রাস করতে পারে।

কম পানি খাওয়া
পানি মস্তিষ্কের একটি গুরুত্বপূর্ণ উপাদান। অনেকেই দিনে পর্যাপ্ত পানি পান করেন না। এই অভ্যাস আপনার স্মৃতিশক্তি এবং মনোযোগকে প্রভাবিত করতে পারে। এ কারণে সারা দিন পর্যাপ্ত পরিমাণে পানি পান করুন। বিশেষ করে শারীরিক কার্যকলাপের আগে এবং পরে মস্তিষ্ককে উজ্জীবিত রাখতে পানি পান প্রয়োজন।

অতিরিক্ত স্ক্রিন টাইম
আমাদের দৈনন্দিন জীবনে স্ত্রিনের যথেষ্ট প্রভাব রয়েছে। অতিরিক্ত স্ক্রিন টাইম ক্লান্তি এবং অনিদ্রার কারণ হতে পারে। বড়দের মতো শিশুরাও যদি স্ক্রিনে অতিরিক্ত সময় কাটায় তাহলে তা তাদের

মস্তিষ্কে প্রভাব ফেলে। এ কারণে সবারই স্ক্রিন টাইম সীমিত করা প্রয়োজন।

ধূমপান ছাড়তে না পারা
ধূমপান মস্তিষ্কের আয়তন ছোট করে ফেলতে পারে। স্মৃতিশক্তি হ্রাসের জন্য এই বদভ্যাসটিকে দায়ী করা হয়। সেই সাথে ডিমেনশিয়া ও আলজেইমার রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা দ্বিগুণ বাড়িয়ে দেয় ধূমপান। হৃদরোগ, ডায়াবেটিস, স্ট্রোক ও উচ্চ রক্তচাপের আশঙ্কা বৃদ্ধি করে এটি।

সূত্র: ইত্তেফাক

গুগল পিক্সেলের নতুন ফিচার

পিক্সেল এইচ সিরিজের নতুন রঙই গুগলের সাম্প্রতিক ঘোষণার কেন্দ্রে নয়। চমক আরও আছে। গুগলের নতুন সার্কেল টু সার্চ ফিচারটি নিয়ে ইতোমধ্যে আলোচনা শুরু হয়েছে।

হোম বাটনে লং প্রেস করলে এখন স্ক্রিনের যেকোনো কিছুতে সার্কেল বসানো যাবে। হাইলাইট করা কন্টেন্ট সম্পর্কে গুগল অতিরিক্ত কিছু তথ্য উপস্থাপন করবে। গুগলকে আরও ব্যবহারযোগ্য করে তোলার জন্যেই মূলত এই ফিচারটি সংযুক্ত করা হয়েছে। তাছাড়া গুগল পিক্সেল দিয়ে এখন শরীরের তাপমাত্রাও মাপা যাবে।

পিক্সেল সিক্স পর্যন্ত অবশ্য ম্যাজিক কম্পোজ ব্যবহার করতে পারবে না। কৃত্রিম বুদ্ধিমত্তা পরিচালিত এই ফিচারের মাধ্যমে কোনো টেক্সটকে বিভিন্ন স্টাইলে ড্রাফট করা সম্ভব।

শুধু তাই নয়, স্যামসাং ও গুগলের মধ্যে নিয়ারবাই শেয়ার ব্যবহার করে কুইক শেয়ার করা যাবে। নতুন অনেক ফিচারে পিক্সেল সিরিজ এখন আরও আকর্ষণীয় হয়ে উঠেছে।

সূত্র: দ্য ভার্জ

জমি দখলের চেষ্টার প্রতিবাদে সংবাদ সম্মেলন

মেহেরপুরের মুজিবনগর উপজেলার বায়োগান ইউনিয়নের মোছাঃ নূর জাহান (আনজিরা) নামের এক মহিলার ৪ কাটা জমি অবৈধভাবে ও জোরপূর্বক দখল করার চেষ্টার অভিযোগে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৭ জানুয়ারি) মেহেরপুর শহরের কোট এলাকায় এ সংবাদ সম্মেলনে বক্তব্য পাঠ করেন মোছাঃ নূর জাহান।

তিনি বলেন,২৮ বছর আগে ৪ কাটা জমি আমি কিনি। এত বছর আমি বসবাস করে আসছি হঠাৎ ১ বছর আগে আমি যার কাছ থেকে জমি কিনি তার ভাই কাজী কোমড় উদ্দীন (সেলিম) আমার জমিতে থাকা শিশুগাছ কাটতে শুরু করে। ফলে আমি থানায় অভিযোগ করি পরে গাছ কাটতে নিষেধ করলেও সে গাছ কাটতে থাকে। আমার পজিশনিং জায়গা নিয়ে সে আমাকে পিছনে জায়গায় দিতে চাচ্ছে,আমার মেইন রাস্তার জমি নিয়ে আমাকে পিছনে দিতে যাচ্ছে। আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল তাই এর সুষ্ঠু প্রতিকার চাই।

টস জিতে ফিল্ডিংয়ে তামিমের বরিশাল

বাংলাদেশ প্রিমিয়ার লিগে (বিপিএল) ফরচুন বরিশালে বিপক্ষে মাঠে নামছে চট্টগ্রাম চ্যালেঞ্জার্স। শনিবার (২৭ জানুয়ারি) সিলেটে টস জিতে চট্টগ্রামকে ব্যট করতে পাঠিয়েছেন বরিশালের অধিনায়ক তামিম ইকবাল।

ফরচুন বরিশাল একাদশ: তামিম ইকবাল (অধিনায়ক), আহমেদ শেহজাদ, সৌম্য সরকার, মুশফিকুর রহিম (উইকেটরক্ষক), মাহমুদউল্লাহ, মেহেদি

হাসান মিরাজ, দুনিথ ওয়েল্লেগে, আব্বাস আফ্রিদি, কামরুল ইসলাম, তাইজুল ইসলাম, ইয়ানিক ক্যারিয়া।

চট্টগ্রাম চ্যালেঞ্জার্স একাদশ: আভিষ্কা ফার্নান্দো, তানজিদ হাসান তামিম, ইমরান উজ্জামান, শাহাদাত হোসেন, নাজিবুল্লাহ জাদরান, শুভাগত হোম (অধিনায়ক), কার্টিস ক্যাম্পার, শহিদুল ইসলাম, নিহাদুজ্জামান, বিলাল খান ও আল-আমিন হোসেন।

আবারও বিয়ের পিঁড়িতে স্বাগতা

চলতি মাসের শুরুর দিকে ঘোষণা দিয়েছিলেন নিজের বিয়ে দিয়ে মাসটি শেষ হবে। সেই কথা রাখলেন অভিনেত্রী স্বাগতা। গত বুধবার রাজধানীর মহাখালীর গাউসুল আজম মসজিদে বিয়ের আনুষ্ঠানিকতা সম্পন্ন হয়েছে এই অভিনেত্রীর। আজ তাদের বিবাহত্তোর সংবর্ধনা অনুষ্ঠিত হবে।

জানা গেছে, তার স্বামীর নাম ড. হাসান আজাদ। পেশায় ব্যবসায়ী হাসান কলম্বিয়া ইউনিভার্সিটি থেকে পিএইচডি করেছেন। সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে পোস্ট করে স্বাগতা তার বিয়ের বিষয়টি নিশ্চিত করেছেন। বেশকিছু ছবি শেয়ার করে ক্যাপশনে তিনি লিখেছেন, ‘২৪ জানুয়ারি আমরা বিয়ে করেছি। আলহামদুলিল্লাহ।’ তারপর থেকে ভক্ত ও সহকর্মীদের শুভেচ্ছা বার্তায় ভাসছেন এই নবদম্পতি।

উল্লেখ্য, চিত্রগ্রাহক রাশেদ জামানের সঙ্গে বিবাহ বিচ্ছেদের পর নিজের মতো জীবনযাপন করছিলেন স্বাগতা। বছরখানেক একা থাকার পর আবার সংসারী হওয়ার কথা ভাবেন। একদিন ঢাকার একটি ক্লাবে পরিচয় হয় লন্ডনপ্রবাসী হাসান আজাদের সঙ্গে। তার জন্ম, বেড়ে ওঠা ও পড়াশোনা যুক্তরাজ্যে। গানও করেন তিনি। কিছুদিন পথচলার পর হাসানকে জীবনসঙ্গী হিসেবে বেছে নেওয়ার সিদ্ধান্ত চূড়ান্ত করেন এই অভিনেত্রী। এটি স্বাগতার দ্বিতীয় বিয়ে।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর জেলা রোভার স্কাউটসের সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চলের গৌরবের পঞ্চাশ বছর উদযাপন উপলক্ষে মেহেরপুরে সুবর্ণ জয়ন্তী ডে ক্যাম্প ২০২৪ অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২৭ জানুয়ারি) সকালে জেলা শিল্পকলা একাডেমী থেকে একটা র্যালি বের হয়। র্যালিটি মেহেরপুর সরকারী বালিকা মাধ্যমিক বিদ্যালয়ে গিয়ে শেষ হয়ে সেখানে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা রোভার স্কাউটসের সহ সভাপতি নুরুল আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা প্রশাসক ও জেলা রোভারের সভাপতি শামীম হাসান।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা রোভারের কমিশনার ও মেহেরপুর সরকারী মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

জেলা রোভার স্কাউটসের সম্পাদক ফররুখ আহমেদের সঞ্চালনায় জেলা রোভারের কোষাধ্যক্ষ রফিকুল আলম বকুল, ডি আর এস এল আনোয়ার হোসেন, সহকারী কমিশানার জাহির হোসেন চঞ্চল, গাংনী ডিগ্রি কলেজের আাসাদুজ্জামান, জেলা যুগ্ন সম্পাদক আলমগীর হোসেন, হাড়াভাঙ্গা মাদ্রাসার সহকারী অধ্যাপক আতিকুর রহমান, মুজিবনগর ডিগ্রি কলেজের রোকেয়া খাতুন, ছহিউদ্দীন ডিগ্রি কলেজের ওয়াহিদুজৃজামান টিটু, এআরবি কলেজের সেলিম রেজা, সরকারী টেকনিকাল স্কুল এন্ড কলেজের মনারুল ইসলাম, সন্ধ্যানী স্কুল এন্ড কলেজের এমদাদুল হক ও আন নুর টেকনিকাল এন্ড বিএম কলেজের শাহিনুজ্জামান সহ বিভিন্ন কলেজ মাদ্রাসার ও রোভার শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডুতে একই স্কুলের শিক্ষক-শিক্ষিকা বরখাস্ত

ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার তোলা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক আমিরুল ইসলাম ও একই স্কুলের ধর্মীয় শিক্ষিকা আসমা খাতুনকে অনৈতিক কর্মকান্ডের অভিযোগে সাময়িক বরখাস্ত করেছে স্কুল কমিটি।

গতকাল বৃহস্পতিবার (২৬ জানুয়ারি) দুপুরে বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সিদ্ধান্তে তাদের এই সাময়িক বরখাস্ত করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়া। তবে স্থানীয়রা ওই শিক্ষক-শিক্ষিকাকে স্থায়ী বহিষ্কারের দাবী জানিয়েছেন।

বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়ার স্বাক্ষরিত পত্র থেকে জানা যায়,অভিযুক্ত শিক্ষক এবং শিক্ষিকার অনৈতিক সম্পর্কের কথোপকথনের স্ক্রিনশট সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হওয়ায় কমিটির অধিকাংশ সদস্যের সিদ্ধান্ত মোতাবেক ওই দুইজনকে আগামী দুই মাসের জন্য সাময়িক বরখাস্ত করা হলো। তবে পরবর্তীতে তাদের বিরুদ্ধে আর কোনো ব্যবস্থা গ্রহণ করা হবে কিনা সেসংক্রান্ত কিছুই উল্লেখ করা হয়নি।

জানাযায়, গত ১৫ জানুয়ারি তোলা মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক আমিরুল ইসলাম ও শিক্ষিকা আসমা খাতুনের ফেইসবুক মেসেঞ্জারের অশ্লীল কথোপকথনের স্ক্রিনশট সোস্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়ে এবং মুহূর্তেই তা ভাইরাল হয়। ম্যসেঞ্জারের অশ্লীল চ্যাট এর বিষয় সামনে আসার পরে বোঝা যায় শিক্ষক আমিরুল ও শিক্ষিকা আসমার মধ্যে দীর্ঘদিন পরকীয়া চলে আসছে। তাদের মোবাইল চ্যাটিং এ আরো বোঝা যায় যে তারা একে অপরের শরীর দেখা দেখিও করে এবং কোন এক আত্মীয়দের বাসায় যেয়ে নিজেদের মধ্যে শারীরিক সম্পর্ক করার পরিকল্পনাও তারা করেন।

তবে অভিযুক্ত শিক্ষক আমিরুল ইসলাম বলেন,আমি ফেইসবুক সম্পর্কে ভালো বুঝিনা। কেউ আমার আইডি হ্যাক করে আমার সুনাম ক্ষুন্ন করার জন্য এসব কাজ করেছে।

এদিকে তাদের অশ্লীল চ্যাটিং সামাজিক যোগাযোগে মাধ্যমে ভাইরাল হওয়ার পরে স্কুল পড়ুয়া ছেলে মেয়ে ও অভিভাবকদের মাঝে উত্তেজনা ছড়িয়ে পড়ে।

গতকাল বৃহস্পতিবার সকালে অবিভাবক ও এলাকাবাসী স্কুলে এসে ওই শিক্ষক ও শিক্ষিকাকে স্কুল থেকে বরখাস্ত ও চাকুরীচুত্য করার দাবি জানিয়ে প্রধান শিক্ষক ও সভাপতির উপরে চাপ প্রয়োগ করে। পরে থানা পুলিশের হস্তক্ষেপে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। প্রশাসনের উপস্থিতিতে ম্যানেজিং কমিটির সভায় অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাকে সাময়িক বরখাস্ত করা হয়।

এবিষয়ে তোলা মাধ্যমিক বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি হাশিম মিয়া বলেন, ম্যানেজিং কমিটির বৈঠকে সদস্যদের সর্বসম্মতিক্রমে অভিযুক্ত শিক্ষক-শিক্ষিকাকে দুই মাসের জন্য সাময়িক বরখাস্ত করা হয়েছে। তবে পরবর্তীতে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেওয়া হবে কিনা,এমন প্রশ্নের কোনো জবাব তিনি দেননি।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আব্দুল বারী বলেন, এলাকার সামজিক কোন্দল থেকেই এই ঘটনা ঘটেছে। আসমা খাতুন ধর্মীয় শিক্ষক, সে এমন কাজ করতে পারে বলে আমার মনে হয়না। সাময়িক বরখাস্তের বিষয়ে তিনি কিছু বলতে পারেননি। সামনে সপ্তাহে স্কুলে গিয়ে বিষয়টি তিনি দেখবেন বলে জানান।

মেহেরপুরে বিএনপির কালো পতাকা মিছিল

মেহেরপুরে দ্রব্যমূল্যের উর্ধ্ধগতি, সংসদ বাতিলসহ বিভিন্ন দাবিতে কালো পতাকা মিছিল করেছে বিএনপির নেতাকর্মীরা।

আজ শুক্রবার বিকাল ৫ টায় মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে থেকে মিছিলটি বের হয়ে শহরের প্রধান-প্রধান সড়ক প্রদক্ষিণ করে সরকারি উচ্চ বালক বিদ্যালয় মাঠ প্রাঙ্গণে গিয়ে শেষ হয়। মিছিলে নেতৃত্বে দেন জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন।

মিছিলে অন্যদের মধ্যে জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলামসহ বিএনপি ও এর অঙ্গ সংগঠন ও সহযোগী সংগঠনের সহস্রাধিক নেতা কর্মী কালো পতাকা মিছিলে অংশ নেন।

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি পন্থীদের নিরঙ্কুশ বিজয়

মেহেরপুরে জেলা আইনজীবী সমিতির বার্ষিক নির্বাচন সম্পন্ন হয়েছে । নির্বাচনে ৯টি পদের মধ্যে সভাপতি, সাধারণ সম্পাদকসহ ৬টি পদে বিএনপিপন্থী আইনজীবী ফোরাম এবং ৩টি পদে আওয়ামীলীগ পন্থী আইনজীবী পরিষদ নির্বাচিত হয়েছেন।

আজ শুক্রবার দিনব্যাপী ভোটগ্রহন শেষে বিজয়ীদের নাম ঘোষণা করা হয়েছে ।

সভাপতি পদে (বিএনপি) মারুফ আহমেদ বিজন ৮৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, সভাপতি পদে (আওয়ামী লীগ) গোলাম মোস্তফা পেয়েছেন ৪১ ভোট। সাধারণ সম্পাদক পদে এ এস এম সাইদুর রাজ্জাক ৮২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়মী প্যানেলের নাজমুল হুদা পেয়েছেন ৪৪ ভোট, সহ-সভাপতি পদে রফিকুল ইসলাম (বিএনপি) ৬৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, আওয়ামী প্যানেলের নজরুল ইসলাম পেয়েছেন ৫৩ ভোট।

আওয়ামী প্যানেলে থেকে যুগ্ম সাধারণ সম্পাদক পদে শাহরিয়ার মাহমুদ ৬৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। বিএনপি প্যানেলের এহান উদ্দিন মনা পেয়েছেন ৫৯ ভোট। আওয়ামী প্যানেল থেকে কোষাধক্ষ পদে রোকেয়া খাতুন ৬৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন, বিএনপি প্যানেলের সাইফুল ইসলাম পেয়েছেন ৬১ ভোট, আওয়ামী প্যানেল থেকে পাঠাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে নাগিব মাহফুজ জুয়েল ৬৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, বিএনপি প্যানেলেরশফিউল আযম খান বকুল পেয়েছেন ৫৮ ভোট, বিএনপি

প্যানেল থেকে সিনিয়র সদস্য মোখলেছুর রহমান স্বপন ৭২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেলের আবুল হাসেম পেয়েছেন ৪৯ ভোট, বিএনপি প্যানেল থেকে কার্যনির্বাহী সদস্য আ ন ম আল মামুন অনল ৭৪ ভোট এবং তারিক আহমেদ ৬২ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, আওয়ামী প্যানেল থেকে এস এম আমানুল্লাহ আল আমান ৫৩ ভোট এবং সাব্বির হোসেন শিশির পেয়েছেন ৬০ ভোট।

আজ শুক্রবার সন্ধ্যা ছয়টায় ভোট গণনা শেষ বিজয়ীদের নাম ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার আইনজীবী বিমল কুমার বিশ্বাস।

আইনজীবী সমিতির ১৪১ জন ভোটারের মধ্যে ভোদ প্রদান করেন ১২৫ জন। এদিকে সকাল ৯টায় ভোটগ্রহণ শুরু হয় মেহেরপুর আইনজীবী সমিতির পুরাতন ভবনে। নামায ও মধ্যহু ভোজের বিরতি দিয়ে ভোট গ্রহণ করা বিকাল ৪টা পর্যন্ত। ভোটগ্রহণ উপলক্ষে মেহেরপুর কোর্ট এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

গাংনীর খাসমহলে ১০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

গাংনীর খাসমহলে ১০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ীকে আটক করেছে ধলা পুলিশ ক্যাম্প।

আটকের বিষয়টি নিশ্চিত করেছেন ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী।

গতকাল বৃহস্পতিবার রাতে খাসমহলে ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলীর নেতৃত্বে, এ এস আই আবুল কালাম আজাদ, ও এএসআই শামসুর রহমান, সঙ্গিও ফোর্সসহ অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটককৃত লালটু হোসেন(২৩) মোঃ শরীফ খানের ছেলে।

লালটু হোসেন একজন চিহ্নিত মাদক ব্যবসায়ী বলে জানিয়েছে পুলিশ। পুলিশ জানায়, প্রকাশ্যে ফেনসিডিল বিক্রি করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করা হয় লালটু হোসেনের বাড়িতে। এসময়

পুলিশের উপস্থিতি টের পেয়ে পালানোর চেষ্টাকালে তাকে আটক করা ও বাড়িতে তল্লাশি করে ১০ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়।

ধলা পুলিশ ক্যাম্পের ইনচার্জ (এসআই) সাহেব আলী জানান, মাদক বিক্রির সময় হাতে নাতে তাকে আটক করা হয়েছে। তার বিরুদ্ধে গাংনী থানাতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে প্রেরণ করা হয়েছে।